

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ এবং ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাদাকরণ এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণ ৪র্থ সভার (জুম অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত) কার্যবিবরণী:

সভাপতি	:	মুহাম্মদ মনিরুল ইসলাম অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
তারিখ ও সময়	:	২৩ মে, ২০২৪ খ্রি:, সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান	:	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ এবং ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণের নিমিত্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে ২০২৩-২৪ এর ৪র্থ ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল-১ এর ক্রমিক-১৩ অনুযায়ী অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার সেবার ২.১ এর ক্রমিক ৩৩-এর ৫নং কলামে (সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি) '(ক) মহানগর, উন্নয়ন কর্তৃপক্ষ ঘোষিত এলাকা, রিসোর্ট ও ব্যয়বহুল এলাকার জন্য ১,০০,০০০/- টাকা, (খ) পৌর এলাকার জন্য ১,০০,০০০/- টাকা এবং (গ) অন্যান্য এলাকার জন্য ৫০,০০০/-টাকা প্রতিস্থাপনপূর্বক সংশোধন করতে হবে'।	পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার
২.২	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার সেবার ২.১ এর ক্রমিক ৩৫-এর ৫নং কলামে (সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি) (ক) মুসলিম/অমুসলিম এর ক্ষেত্রে ১৫০/- ও (খ) বিদেশি নাগরিকের ক্ষেত্রে ৩,০০০/- এর পরিবর্তে অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল-১ এর ক্রমিক-১৮ ও ১৯ অনুযায়ী 'বিলাতি/বিদেশি পানের পারমিট ফি ৩,০০০/- এবং দেশি পানের পারমিট ফি ১৫০/-' প্রতিস্থাপনপূর্বক সংশোধন করতে হবে।	
২.৩	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসরণপূর্বক সকল বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে আগামী ২৮ মে, ২০২৪ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রমাণক হিসেবে স্বাক্ষরিত সিটিজেন চার্টার, ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের স্ক্রিনসটসহ ফরওয়ার্ডিং এর মাধ্যমে আগামী ২৯ মে, ২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে (শুধুমাত্র বিভাগীয় কার্যালয়ের সিটিজেন চার্টার)।	অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)



০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৫/২০২৪
(মুহাম্মদ মনিরুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক।

১২ জ্যৈষ্ঠ, ১৪৩১

তারিখ : -----

২৬ মে, ২০২৪

নথি নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-১৮৯২

- অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
 - ২। পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
 - ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
 - ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
 - ৮। সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - ১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - ১১। অফিস কপি।

14/2
24/05/24

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)